তারিখ ...08 OCT 1988...
পৃষ্ঠা... ৩ ... কলাম... ৩ ...

দৈনিক ইত্তেফাক

00.080

## ইংরেজী মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠানের পাঠ্য বই অনুমোদনে কমিটি গঠন

এক তথ্য বিবরণীতে বলা হয়, সরকারী সিদ্ধান্ত অনুযায়ী আগামী শিক্ষাবর্ষ হইতে ইংরেজী মাধ্যম কিণ্ডার গার্টেন ও সকল বেসরকারী ইংরেজী মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠানে কোন বই সরকারের অনুমোদন ছাড়া পড়ানো যাইবে না। এইসব স্কুলের পাঠ্যসূচী ও পাঠ্যসূচীর

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## ইংরেজী মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠানে

(৩য় পৃঃ পর )

অন্তর্ভুক্ত বইগুলি পরীক্ষা করিয়া অনুমোদন করার জন্য সরকার জাতীয় শিক্ষাক্রম ও টেকষ্ট বুক বোর্ডের চেয়ারম্যানকে সভাপতি করিয়া ৫ সদস্যের একটি কমিটি গঠন করেন। কমিটির সুপারিশ করা সরকার অনুমোদিত বইগুলির একটি তালিকা ঢাকার মতিঝিলস্থ জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ডের চেয়ারম্যানের নিকট হইতে সংগ্রহ করা যাইবে। ১৯৮৯ শিক্ষাবর্ষ হইতে উক্ত তালিকা বহির্ভূত কোন বই ইংরেজী মাধ্যম কিণ্ডার গার্টেন অথবা কোন বেসরকারী ইংরেজী মাধ্যম স্কুলে (মিশনারী স্কুলসহ) পড়ানো যাইবে না। তালিকা বহির্ভূত কোন বই কোন স্কুল পড়াইতে চাহিলে সে বই কমিটির নিকট হইতে অনুমোদন করাইয়া লইতে হইবে। অনুমোদন ছাড়া কোন বই পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত করা আইনতঃ দণ্ডনীয় হইবে।